



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় পুষ্টিসেবা

জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান

মহাখালী, ঢাকা-১২১২।

ফোনঃ ৯৮৪২৩৬৭, ৯৮৮১৫৫০, ই-মেইলঃ nns.gov@gmail.com

মুজিববর্ষে স্বাস্থ্য খাত

গুরুত্বপূর্ণ পদক্ষেপে যাবে অনেক খাপ

আরক নং-এনএন এস/ভিটামিন/.....

তারিখঃ ০৭/০২/২০২০

বরাবর

- বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) -----বিভাগ (সকল)
- প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ----- সিটি কর্পোরেশন (সকল)
- সিডিল সার্জন ----- জেলা (সকল)
- উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা-----উপজেলা (সকল)
- মেয়ার ----- পৌরসভা (সকল)

বিষয়ঃ- আগামী ২৬ সেপ্টেম্বর ২০২০ থেকে পক্ষকালব্যাপী জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন উদ্যোগে প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিগত ২৫-০৮-২০২০ তারিখ স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে Nutrition Implementation Coordination Committee (NICC) সভা এবং বিগত ০৬-০৯-২০২০ তারিখ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে Steering Committee for Nutrition Implementation (SCNI) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহে ক্যাম্পেইনের ধরণ পরিবর্তন করে বিশ্বব্যাপী কেভিড-১৯ প্রতিরোধ করে আগামী ২৬ সেপ্টেম্বর ২০২০ থেকে পক্ষকালব্যাপী শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো এবং ক্যাম্পেইন সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত কার্যক্রম সমূহ পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

- ❖ ক্যাম্পেইন ০১ (এক) দিন না হয়ে পক্ষকালব্যাপী (০২ সপ্তাহের কর্ম দিবস সমূহে) কেন্দ্রে আগত শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে।
- ❖ সাধারণত নির্ধারিত ইপিআই সিডিউল অনুযায়ী প্রত্যেক ওয়ার্ডের (পুরাতন) ০৮ টি সাব-ব্লকে ০২ (দুই) দিন ইপিআই কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে। উক্ত ০২ (দুই) দিন ব্যতীত অবশিষ্ট ৪ (চার) দিন নির্ধারিত ইপিআই কেন্দ্রে শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। তাছাড়া কমিউনিটি ক্লিনিক ও অন্যান্য সরকারী স্বাস্থ্যসেবা কেন্দ্রে শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে।
- ❖ ক্যাম্পেইন চলাকালীন সময়ে বিভিন্ন কেন্দ্র সমূহে (ইপিআই কেন্দ্র, কমিউনিটি ক্লিনিক ও পরিবার কল্যাণ কেন্দ্র) স্বাস্থ্য বিধি মেনে (মুখে মাঝ পড়া, সাবান ও পানি দিয়ে ২০ সেকেন্ড ধরে ভালভাবে বার বার দুই হাত ধোত করা/ হ্যান্ড স্যানিটাইজার দিয়ে বার বার হাত পরিশুর করা) শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়াতে হবে।
- ❖ কেভিড-১৯ এর সংক্রমণ হতে প্রতিরোধ করার স্বার্থে কেন্দ্রসমূহে সামাজিক নিরাপত্তা বিষয়ক সতর্কতা (ভিড় নিয়ন্ত্রণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ) মেনে চলতে হবে।
- ❖ স্বাস্থ্যবিধি মেনে ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন সংক্রান্ত সকল সভা/কর্মশালা পূর্বের ন্যায় অনুষ্ঠিত হবে। সভায় উপস্থিতি/জুম প্লাটফর্ম ব্যবহার/অন্যান্য ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে সভা/কর্মশালা সম্পন্ন করতে হবে।

খুব শীত্রাই ক্যাম্পেইন সংক্রান্ত দিকনির্দেশনাসহ বাজেট প্রেরণ করা হবে। ইহা আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

(ডাঃ এস এম মোস্তাফিজুর রহমান)

লাইন ডাইরেক্টর

জাতীয় পুষ্টি সেবা

মহাখালী, ঢাকা-১২১২।

চিন্ময় ০৭/০২/২০২০

অনুলিপি- সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নথে)

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ সচিব মহোদয়ের একান্ত সচিব।
২. অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণঃ উপ পরিচালক (সমন্বয়)।
৪. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
৫. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৬. পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৭. লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৮. লাইন ডাইরেক্টর, সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৯. অফিস কপি।